

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 আইন অধিশাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচী (সিপিপি) এর সাথে মন্ত্রণালয়ের ইনোভেশন
 টিমের বিগত ০৪ ডিসেম্বর ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মো: আকরাম হোসেন
 অতিরিক্ত সচিব (ত্রাণ) ও চীফ ইনোভেশন অফিসার
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 তারিখ: ০৪ ডিসেম্বর ২০১৯
 সময়: সকাল ১১:০০ ঘটিকা
 স্থান: অতিরিক্ত সচিব (ত্রাণ) এর অফিসকক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 উপস্থিতি: পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি দুর্যোগ ব্যবস্থাপনা
 অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচী (সিপিপি) হতে আগত ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে মন্ত্রণালয়ের স্বাগত
 জানান। সভাপতির অনুমতিক্রমে জনাব মুনীরা সুলতানা, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, দুর্যোগ ব্যবস্থাপনা
 ও ত্রাণ মন্ত্রণালয় সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন।

শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং তা কোনরকম সংশোধনী ছাড়াই সকলের
 সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন ও
 তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। বিগত ০১ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ক দিনব্যাপী কর্মশালায়
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচী (সিপিপি) হতে কর্মকর্তা প্রেরণ করা ও কর্মশালায় তাদের
 স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য উপস্থিত প্রতিনিধিগণকে আন্তরিকভাবে ধন্যবাদ জানানো হয় এবং ভবিষ্যতেও
 এধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

২। উভয় সংস্থা তাদের সুবিধামত সময়ে উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ক কর্মশালা আয়োজন করবে মর্ম
 সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩। আগামী জানুয়ারী ২০২০ এ মন্ত্রণালয় কর্তৃক উদ্ভাবনে ও সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধির লক্ষে ০২দিন মেয়াদি ০২ টি ব্যাচে প্রশিক্ষণ আয়োজন করা হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য কর্মকর্তা মনোনয়নের জন্য উভয় সংস্থাকে অনুরোধ করা হয়।

৪। ১৫ জানুয়ারি ২০২০ এর মধ্যে উভয় প্রতিষ্ঠানকে তাদের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪. ১২. ২০ ১৭

(মো: আকরাম হোসেন)

অতিরিক্ত সচিব (ত্রাণ)

ও

চীফ ইনোভেশন অফিসার

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়